রাষ্ট্রপতির সঙ্গে প্রধান বিচারপতির সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চুপরের সঙ্গে প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) দুপুরে বঙ্গভবনে এই সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়।

সাক্ষাতকালে রাষ্ট্রপতি বিচার বিভাগের প্রাতিষ্ঠানিক স্বাতন্ত্র্য রক্ষার জন্য নেওয়া পদক্ষেপ এবং তা সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান বিচারপতির ভূমিকাকে বিশেষভাবে প্রশংসা করেন। তিনি বলেন, দেশের সুশাসন প্রতিষ্ঠা ও ন্যায়বিচার নিশ্চিতকরণে প্রধান বিচারপতির প্রদর্শিত পথ ভবিষ্যতে একটি দিকনির্দেশক হিসেবে কাজ করবে।

উল্লেখ্য, আগামী ২৭ ডিসেম্বর প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ দেশের ২৫তম প্রধান বিচারপতি হিসেবে অবসরে যাচ্ছেন।

LENS ASIA